

সাধারণ ভাবে, গড় \times রাশিগুলোর সংখ্যা = রাশিগুলোর যোগফল

উদাহরণ ১। মিনা, মিঠু, রুনু, রনি ও নীলার বয়স যথাক্রমে ১০, ১২, ১৩, ১১ ও ১৪ বছর। তাদের গর বয়স কত?

সমাধান :

$$\begin{aligned} \text{এখানে রাশিগুলোর যোগফল} &= (১০+১২+১৩+১১+১৪) \text{ বছর} \\ &= ৬০ \text{ বছর} \end{aligned}$$

$$\text{রাশিগুলোর সংখ্যা} = ৫$$

$$\begin{aligned} \therefore \text{বয়সের গড়} &= ৬০ \text{ বছর} \div ৫ \\ &= (৬০ \div ৫) \text{ বছর} \\ &= ১২ \text{ বছর} \end{aligned}$$

সুতারাং গড় বয়স ১২ বছর।

উদাহরণ ২। একজন ক্রিকেট খেলোয়াড়ের আটটি ওয়ানডে ম্যাচের সিরিজে সংগৃহীত রান ৪৭, ১৯, ২৩, ১২, ৩৭, ৩, ১৪, ১৩। তিনি গড়ে কত রান করেছেন?

সমাধান :

$$\begin{aligned} \text{মোট রান} &= ৪৭+১৯+২৩+১২+৩৭+৩+১৪+১৩ \\ &= ১৬৮ \end{aligned}$$

$$\text{ম্যাচের সংখ্যা} = ৮$$

$$\begin{aligned} \therefore \text{রানের গড়} &= ১৬৮ \div ৮ \\ &= ২১ \end{aligned}$$

সুতারাং, তিনি গড়ে ২১ রান করেছেন।

উদাহরণ ৩। বাংলাদেশের কোনো স্থানের ২০১১ সালের বারো মাসে বৃষ্টিপাতের পরিমাণ নিম্নরূপ :

মাস	বৃষ্টিপাতের পরিমাণ	মাস	বৃষ্টিপাতের পরিমাণ
জানুয়ারি	২৩ মি.মি.	জুলাই	২৯৬ মি.মি.
ফেব্রুয়ারি	০৬ মি.মি.	আগস্ট	২৭১ মি.মি.
মার্চ	১৮ মি.মি.	সেপ্টেম্বর	১০৪ মি.মি.
এপ্রিল	৫৭ মি.মি.	অক্টোবর	৩৩ মি.মি.
মে	৩১ মি.মি.	নভেম্বর	২১ মি.মি.
জুন	১০৮ মি.মি.	ডিসেম্বর	০৪ মি.মি.

এ স্থানে ২০১১ সালে মাসিক গড় বৃষ্টিপাতের পরিমাণ কত?

সমাধান :

$$\begin{aligned} \text{বৃষ্টিপাতের মোট পরিমাণ} &= (২৩+০৬+১৮+৫৭+৩১+১০৮+২৯৬+২৭১+১০৪+৩৩+২১+০৪) \text{ মি.মি.} \\ &= ৯৭২ \text{ মি.মি} \end{aligned}$$

$$\text{মাসের সংখ্যা} = ১২$$

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

OnLineCoaching.com.bd [বি.দ্র. ব্যবসায়িক উদ্দেশ্যে কপিরাইট করা নিষিদ্ধ] প্রথমিক গণিত (V)

$$\begin{aligned} \therefore \text{বৃষ্টিপাতের মাসিক গড়} &= (৯৭২ \text{ মি.মি.}) \div ১২ \\ &= (৯৭২ \div ১২) \text{ মি.মি.} \\ &= ৮১ \text{ মি.মি.} \end{aligned}$$

সুতারাং ঐ স্থানে ২০১১ সালে মাসিক গড় বৃষ্টিপাতের পরিমাণ ৮১ মি.মি.।

উদাহরণ ৪। একটি যৌথ ব্যবসায় হেলেন ১৫,০০০ টাকা, কামাল ২০,৫০০ টাকা, হালিম ১৮,০০০ টাকা, তিতাস ১৩,৫০০ টাকা এবং শিশির ১৭,০০০ টাকা বিনোয়গ করল। ব্যবসায় তারা গড়ে কত টাকা বিনিয়োগ করল?

সমাধান :

$$\begin{aligned} \text{মোট বিনিয়োগ} &= (১৫,০০০ + ২০,৫০০ + ১৮,০০০ + ১৩,৫০০ + ১৭,০০০) \text{ টাকা} \\ &= ৮৪,০০০ \text{ টাকা} \end{aligned}$$

$$\text{বিনিয়োগকারীর সংখ্যা} = ৫$$

$$\begin{aligned} \therefore \text{গড় বিনিয়োগ} &= ৮৪০০০ \text{ টাকা} \div ৫ \\ &= (৮৪০০০ \div ৫) \text{ টাকা} \\ &= ১৬,৮০০ \text{ টাকা} \end{aligned}$$

সুতারাং, গড় বিনিয়োগ ১৬,৮০০ টাকা।

উদাহরণ ৫। পাঁচটি ম্যাচের একটি টেস্ট সিরিজের ক্রিকেট খেলায় সফরকারী দলের ছয়জন ব্যাটসম্যানের রানের গড় ৭৬, চারজন বোলারের রানের গড় ২১। ঐ সিরিজে ঐ খেলোয়াড়রা গড়ে কত রান করেছিলেন?

সমাধান :

$$\begin{aligned} ৬ \text{ জন ব্যাটসম্যানের পাঁচটি ম্যাচের সংগৃহীত মোট রান} &= ৬ \times ৭৬ \times ৫ \\ &= ৭৬ \times ৩০ \\ &= ২২৮০ \end{aligned}$$

$$\begin{aligned} ৪ \text{ জন বোলারের পাঁচটি ম্যাচে সংগৃহীত মোট রান} &= ৪ \times ২১ \times ৫ \\ &= ২১ \times ২০ \\ &= ৪২০ \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{সর্বমোট রান} &= ২২৮০ + ৪২০ \\ &= ২৭০০ \end{aligned}$$

$$\begin{aligned} \text{গড় নির্ণয়ে বিবেচ্য রাশির সংখ্যা} &= \text{খেলোয়াড়ের সংখ্যা} \times \text{ম্যাচের সংখ্যা} \\ &= ১০ \times ৫ \\ &= ৫০ \end{aligned}$$

$$\begin{aligned} \text{সুতারাং, গড় রান} &= ২৭০০ \div ৫০ \\ &= ৫৪ \end{aligned}$$

সুতারাং, সফরকারী দলের খেলোয়াড়রা পাঁচটি খেলায় গড়ে ৫৪ রান করেছিলেন।

OnLineCoaching.com.bd [বি.দ্র. ব্যবসায়িক উদ্দেশ্যে কপিরাইট করা নিষিদ্ধ] প্রথমিক গণিত (V)
উদাহরণ ৬। তেরোটি সংখ্যার যোগফল ১৯২৪। এদের সাতটি সংখ্যার গড় ১৭২। অন্য ছয়টি সংখ্যার গড় কত। সবগুলো সংখ্যার গড় কত?

সমাধান :

সাতটি সংখ্যার গড় ১৭২।

$$\begin{aligned} \text{অতএব, ৭টি সংখ্যার যোগফল} &= 172 \times 7 \\ &= 1204 \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{অন্য ছয়টি সংখ্যার যোগফল} &= 1924 - 1204 \\ &= 720 \end{aligned}$$

$$\begin{aligned} \text{অতএব, ৬টি সংখ্যার গড়} &= 720 \div 6 \\ &= 120 \end{aligned}$$

$$\begin{aligned} \text{সবগুলো, অর্থাৎ ১৩টি সংখ্যার গড়} &= 1924 \div 13 \\ &= 148 \end{aligned}$$

সুতারাং, অন্য ছয়টি সংখ্যার গড় ১২০। সবগুলো সংখ্যার গড় ১৪৮।

উদাহরণ ৭। দোলন পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষায় বাংলায় ৮২, ইংরেজীতে ৭৫, গণিত ৯২, সমাজে ৭৮, বিজ্ঞান ৯৩ ও ধর্মে ৯৬ নম্বর পেয়েছে। সে গড়ে কত নম্বর পেয়েছে?

সমাধান :

$$\begin{aligned} \text{দোলন ৬টি বিষয়ে মোট নম্বর পেয়েছে} &= 82 + 75 + 92 + 78 + 93 + 96 \\ &= 516 \end{aligned}$$

বিষয়ের সংখ্যা ৬

$$\begin{aligned} \therefore \text{প্রাপ্ত নম্বরের গড়} &= 516 \div 6 \\ &= 86 \end{aligned}$$

সুতারাং, দোলন প্রতিটি বিষয়ে গড়ে ৮৬ নম্বর পেয়েছে।



অনুশীলনী ৪

১। গড় নির্ণয় কর :

- (ক) ২৩, ৩৭, ৪৭, ৬১ (খ) ২২, ৪৬, ৬০, ৭২ (গ) ৩৬৪ টাকা, ৫৪১ টাকা, ৭৭৫ টাকা।
 (ঘ) ৪৭ সে.মি., ৫৪ সে.মি., ৫২ সে.মি., ৫৩ সে.মি.।
 (ঙ) ৪২ কেজি, ৩২ কেজি, ২৯ কেজি, ৪১ কেজি, ৩৫ কেজি।

সমাধান :

(ক) ২৩, ৩৭, ৪৭, ৬১
 এখানে, রাশির সংখ্যা = ৪
 এবং রাশিগুলোর যোগফল = $২৩+৩৭+৪৭+৬১$
 $= ১৬৮$
 \therefore গড় = রাশিগুলোর যোগফল \div রাশির সংখ্যা
 $= ১৬৮ \div ৪$
 $= ৪২$

সুতারাং, নির্ণেয় গড় ৪২।

সমাধান :

(খ) ২২, ৪৬, ৬০, ৭২
 এখানে, রাশির সংখ্যা = ৪
 এবং রাশিগুলোর যোগফল = $২২+৪৬+৬০+৭২$
 $= ২০০$
 \therefore গড় = রাশিগুলোর যোগফল \div রাশির সংখ্যা
 $= ২০০ \div ৪$
 $= ৫০$

সুতারাং, নির্ণেয় গড় ৫০।

সমাধান :

(গ) ৩৬৪ টাকা, ৫৪১ টাকা, ৭৭৫ টাকা
 এখানে, রাশির সংখ্যা = ৩
 এবং রাশিগুলোর যোগফল = $(৩৬৪+৫৪১+৭৭৫)$ টাকা
 $= ১৬৮০$ টাকা
 \therefore গড় = $(১৬৮০ \div ৩)$ টাকা
 $= ৫৬০$ টাকা

সুতারাং, নির্ণেয় গড় ৫৬০ টাকা।



সমাধান :

(ঘ) ৪৭ সে.মি., ৪৯ সে.মি., ৫৪ সে.মি., ৫২ সে.মি., ৫৩ সে.মি.

এখানে, রাশির সংখ্যা = ৫

এবং রাশিগুলোর যোগফল = $(৪৭+৪৯+৫৪+৫২+৫৩)$ সে.মি.
= ২৫৫ সে.মি.

∴ গড় = $(২৫৫ ÷ ৫)$ সে.মি.

= ৫১ সে.মি.

সুতারাং, নির্ণেয় গড় ৫১ সে.মি.।

সমাধান :

(ঙ) ৪২ কেজি, ৩২ কেজি, ৩৭ কেজি, ২৯ কেজি, ৪১ কেজি, ৩৫ কেজি

এখানে, রাশির সংখ্যা = ৬

এবং রাশিগুলোর যোগফল = $(৪২+৩২+৩৭+২৯+৪১+৩৫)$ কেজি
= ২১৬ কেজি

∴ গড় = $(২১৬ ÷ ৬)$ কেজি

= ৩৬ কেজি

সুতারাং, নির্ণেয় গড় ৩৬।

২। লিলি বিভিন্ন দামের আটটি ফিতা কিনল। ফিতাগুলোর গড় মূল্য ৫ টাকা ৭৫ পয়সা হলে, লিলি কত টাকার ফিতা কিনেছিল?

সমাধান :

৮টি ফিতার গড় মূল্য = ৫ টাকা ৭৫ পয়সা
= ৫.৭৫ টাকা

∴ ৮টি ফিতার মোট মূল্য = $(৫.৭৫ × ৮)$ টাকা
= ৪৬.০০ টাকা

সুতারাং, লিলি ৪৬ টাকার ফিতা কিনেছিল।

৩। মলি বার্ষিক পরীক্ষায় বাংলায় ৬৮, গণিতে ৯৬, ইংরেজিতে ৮১, পরিবেশ পরিচিতি- বিজ্ঞানে ৭৭ এবং ধর্মে ৭৩ নম্বর পেয়েছে। সে প্রতি বিষয়ে গড়ে কত নম্বর পেয়েছে?

সমাধান :

এখানে, বিষয়ের সংখ্যা = ৫

মলি ৫টি বিষয়ে মোট পেয়েছে = $(৬৮+৯৬+৮১+৭৭+৭৩)$ নম্বর
= ৩৯৫ নম্বর

∴ প্রতি বিষয়ে গড়ে পেয়েছে = $(৩৯৫ ÷ ৫)$ নম্বর
= ৭৯ নম্বর

সুতারাং, মলি গড়ে ৭৯ নম্বর পেয়েছে।

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

৪। কলি, ডলি, পলি, মলি ও লিলির উচ্চতা যথাক্রমে ১২৩ সে.মি., ১৩১ সে.মি., ১৩৫ সে.মি., ১২৬ সে.মি. এবং ১৩০ সে.মি.। তাদের গড় উচ্চতা কত?

সমাধান :

এখানে, রাশিগুলোর সংখ্যা = ৫

উচ্চতার যোগফল = (১২৩+১৩১+১৩৫+১২৬+১৩০) সে.মি.

= ৬৪৫ সে.মি.

∴ উচ্চতার গড় = (৬৪৫ ÷ ৫) সে.মি.

= ১২৯ সে.মি.

সুতারাং, গড় উচ্চতা ১২৯ সে.মি.।

৫। অপু ও দীপুর গড় বয়স ২২ বছর, দীপু ও টিপুর গড় বয়স ২৪ বছর। অপুর বয়স ২১ বছর, দীপু ও টিপুর বয়স কত?

সমাধান :

অপু ও দীপুর গড় বয়স ২২ বছর

অপু ও দীপুর মোট বয়স (২২ × ২) বছর

= ৪৪ বছর

এখানে, অপু ও দীপুর মোট বয়স ৪৪ বছর

অপু বয়স	২১ বছর
<hr/>	
দীপুর বয়স	২৩ বছর

আবার, দীপু ও টিপুর গড় বয়স ২৪ বছর

দীপু ও টিপুর মোট বয়স (২৪ × ২) বছর

= ৪৮ বছর

এবার, দীপু ও টিপুর মোট বয়স ৪৮ বছর

দীপুর বয়স	২৩ বছর
<hr/>	
টিপুর বয়স	২৫ বছর

সুতারাং, দীপুর বয়স ২৩ বছর এবং টিপুর বয়স ২৫ বছর।



ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

OnLineCoaching.com.bd [বি.দ্র. ব্যবসায়িক উদ্দেশ্যে কপিরাইট করা নিষিদ্ধ] প্রথমিক গণিত (V)

৬। সাতটি সংখ্যার যোগফল ৪০১। প্রথম তিনটি সংখ্যার গড় ৫৬ এবং শেষের তিনটি সংখ্যার গড় ৫৮। চতুর্থ সংখ্যাটি কত ?

সমাধান :

প্রথম ৩টি সংখ্যার গড় = ৫৬

$$\therefore \text{প্রথম ৩টি সংখ্যার যোগফল} = ৫৬ \times ৩ \\ = ১৬৮$$

শেষের ৩টি সংখ্যার গড় = ৫৮

$$\therefore \text{শেষের ৩টি সংখ্যার যোগফল} = ৫৮ \times ৩ \\ = ১৭৪$$

$$\therefore (৩+৩)\text{টি বা ৬টি সংখ্যার যোগফল} = ১৬৮+১৭৪ \\ = ৩৪২$$

৭টি সংখ্যার যোগফল = ৪০১

$$\therefore \text{চতুর্থ সংখ্যাটি} = ৪০১ - ৩৪২ \\ = ৫৯$$

সুতারাং, চতুর্থ সংখ্যাটি ৫৯।

৭। এগারোটি সংখ্যার মধ্যে প্রথম ছয়টি সংখ্যার গড় ৮৭ এবং শেষের পাঁচটি সংখ্যার গড় ১৩১। সবগুলো সংখ্যার গড় কত?

সমাধান :

প্রথম ৬টি সংখ্যার গড় = ৮৭

$$\therefore \text{প্রথম ৬টি সংখ্যার যোগফল} = ৮৭ \times ৬ \\ = ৫২২$$

শেষের ৫টি সংখ্যার গড় = ১৩১

$$\therefore \text{শেষের ৫টি সংখ্যার যোগফল} = ১৩১ \times ৫ \\ = ৬৫৫$$

$$\therefore (৬+৫)\text{টি বা ১১টি সংখ্যার যোগফল} = ৫২২+৬৫৫ \\ = ১১৭৭$$

১১টি সংখ্যার সমষ্টি = ১১৭৭

$$\therefore \text{১১টি সংখ্যার গড়} = ১১৭৭ \div ১১ \\ = ১০৭$$

সুতারাং, নির্ণেয় গড় ১০৭।



OnLineCoaching.com.bd [বি.দ্র. ব্যবসায়িক উদ্দেশ্যে কপিরাইট করা নিষিদ্ধ] প্রথমিক গণিত (V)

৮। একটি ইউনিয়নের পাঁচটি গ্রামের জনসংখ্যা যথাক্রমে ১৩২৭, ১৮৭২, ২১৮৭, ২৫১৬ ও ২৯৪৩।
গ্রামগুলোর গড় জনসংখ্যা কত?

সমাধান :

$$\begin{aligned} \text{জনসংখ্যার সমষ্টি} &= (১৩২৭+১৮৭২+২১৮৭+২৫১৬+২৯৪৩) \text{ জন} \\ &= ১০৮৪৫ \text{ জন} \end{aligned}$$

$$\text{গ্রামের সংখ্যা} = ৫$$

$$\begin{aligned} \therefore \text{গ্রামগুলোর গড় জনসংখ্যার} &= (১০৮৪৫ \div ৫) \text{ জন} \\ &= ২১৬৯ \text{ জন} \end{aligned}$$

সুতারাং, গ্রামগুলোর গড় জনসংখ্যা ২১৬৯ জন।

৯। বার্ষিক পরীক্ষায় দশজন ছাত্রছাত্রীর গণিতের নম্বর নিম্নরূপ : ৭৬, ৬১, ৮৭, ৫৬, ৪২, ৬৪, ৭৩, ৬৮, ৫০, ৭৩। গণিতে এদের গড় নম্বর কত?

সমাধান :

$$\begin{aligned} ১০ \text{ জন ছাত্র- ছাত্রীর গণিতের নম্বরের যোগফল} &= (৭৬+৬১+৮৭+৫৬+৪২+৬৪+৭৩+৬৮+৫০+৭৩) \text{ নম্বর} \\ &= ৬৫০ \text{ নম্বর} \\ \text{গড় নম্বর} &= (৬৫০ \div ১০) \\ &= ৬৫ \end{aligned}$$

সুতারাং, গণিতে গড় নম্বর ৬৫।

১০। তিন সন্তান ও তাদের পিতার গড় বয়স ১৭ বছর। ঐ তিন সন্তান ও তাদের মাতার গড় বয়স ১৫ বছর।
মাতার বয়স ৩০ বছর হলে, পিতার বয়স কত?

সমাধান :

$$\begin{aligned} \text{তিন সন্তান ও মাতার বয়সের গড়} &= ১৫ \text{ বছর} \\ \text{তিন সন্তান ও মাতা অর্থাৎ ৪ জনের বয়সের যোগফল} &= (১৫ \times ৪) \text{ বছর} \\ &= ৬০ \text{ বছর} \end{aligned}$$

$$\text{তিন সন্তান ও মাতার বয়সের যোগফল} = ৬০ \text{ বছর}$$

$$\text{মাতার বয়স} = ৩০ \text{ বছর}$$

$$\text{তিন সন্তানের বয়সের যোগফল} = ৩০ \text{ বছর}$$

$$\text{আবার, তিন সন্তান ও পিতার বয়সের গড়} = ১৭ \text{ বছর}$$

$$\begin{aligned} \text{তিন সন্তান ও পিতা অর্থাৎ ৪ জনের বয়সের যোগফল} &= (১৭ \times ৪) \text{ বছর} \\ &= ৬৮ \text{ বছর} \end{aligned}$$

$$\text{এবার,}$$

$$\text{তিন সন্তান ও পিতার বয়সের যোগফল} = ৬৮ \text{ বছর}$$

$$\text{তিন সন্তানের বয়সের যোগফল} = ৩০ \text{ বছর}$$

$$\text{পিতার বয়স} = ৩৮ \text{ বছর}$$

সুতারাং, পিতার বয়স ৩৮ বছর।

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

OnLineCoaching.com.bd [বি.দ্র. ব্যবসায়িক উদ্দেশ্যে কপিরাইট করা নিষিদ্ধ] প্রথমিক গণিত (V)

১১। আষাঢ় মাসে প্রথম দশ দিনে ঢাকায় দৈনিক গড়ে ২৩ মি.মি., দ্বিতীয় দশ দিনে দৈনিক গড়ে ২৭ মি.মি., তৃতীয় দশ দিনে দৈনিক গড়ে ২৯ মি.মি. এবং মাসের শেষ দিনে ১৬ মি.মি. বৃষ্টিপাত হলো। ঐ মাসে ঢাকায় দৈনিক গড় বৃষ্টিপাতের পরিমাণ কত?

সমাধান :

প্রথম ১০ দিনে দৈনিক গড় বৃষ্টিপাতের পরিমাণ = ২৩ মি.মি.

$$\therefore \text{মোট} = (23 \times 10) = 230 \text{ মি.মি.}$$

দ্বিতীয় ১০ দিনে দৈনিক গড় বৃষ্টিপাতের পরিমাণ = ২৭ মি.মি.

$$\therefore \text{মোট} = (27 \times 10) = 270 \text{ মি.মি.}$$

তৃতীয় ১০ দিনে দৈনিক গড় বৃষ্টিপাতের পরিমাণ = ২৯ মি.মি.

$$\therefore \text{মোট} = (29 \times 10) = 290 \text{ মি.মি.}$$

মাসের শেষ দিনে বৃষ্টিপাতের পরিমাণ = ১৬ মি.মি.

আমরা জানি,

$$\text{আষাঢ় মাসে বৃষ্টিপাতের পরিমাণ} = (230 + 270 + 290 + 16) \text{ মি.মি.} \\ = 806 \text{ মি.মি.}$$

$$\therefore \text{ঐ মাসে ঢাকায় দৈনিক গড় বৃষ্টিপাত} = (806 \div 31) \text{ মি.মি.} \\ = 26 \text{ মি.মি.}$$

সুতারাং, গড় বৃষ্টিপাত ২৬ মি.মি.।

সৃজনশীল ধারায় অতিরিক্ত যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্নোত্তর।

(উদ্দীপক/Stem) পঞ্চম শ্রেণির ৪০ জন ছাত্রের উচ্চতার যোগফল ৪৪৮০ সে.মি.। প্রথম ১০ জন ছাত্রের গড় উচ্চতা ১০৮ সে.মি. ও দ্বিতীয় ১০ জন ছাত্রের গড় উচ্চতা ১১০ সে.মি. এবং তৃতীয় ১০ জন ছাত্রের মোট উচ্চতা ১০৮৫ সে.মি.।

(ক) প্রথম ১০ জন ছাত্রের উচ্চতার যোগফল কত?

(খ) তৃতীয় ১০ জন ছাত্রের উচ্চতার গড় কত?

(গ) দ্বিতীয় ১০ জনের মোট উচ্চতা প্রথম ১০ জনের মোট উচ্চতা অপেক্ষা কত বেশি?

(ঘ) শেষ ১০ জন ছাত্রের উচ্চতার গড় কত?

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

OnLineCoaching.com.bd [বি.দ্র. ব্যবসায়িক উদ্দেশ্যে কপিরাইট করা নিষিদ্ধ] প্রথমিক গণিত (V)

(ক) **PSC** মূল্যায় পরীক্ষা ৮টি, সাজেস্ট ফাইনাল ৪টি ও মডেল টেস্ট ৪টি।

(খ) **JSC** মূল্যায় পরীক্ষা ১৮টি, সাজেস্ট ফাইনাল ৯ টি ও মডেল টেস্ট ৯ টি।

(গ) **Medical** মূল্যায় পরীক্ষা ১০টি, সাজেস্ট ফাইনাল ৫টি ও মডেল টেস্ট ১২টি।

(ঘ) **Varsity (A, B, C or D)** প্রত্যেক ইউনিটে কমপক্ষে মূল্যায় পরীক্ষা ১০টি, সাজেস্ট ফাইনাল ৫টি ও মডেল টেস্ট ১২টি।

(ঙ) **BCS প্রিলিঃ** মূল্যায় পরীক্ষা ১০টি, সাজেস্ট ফাইনাল ৬টি ও মডেল টেস্ট ১১টি।

[বি.দ্র.এছাড়াও ফ্রি থাকছে PSC, JSC এর গণিত সমাধান, সাজেশন্স, স্পেশাল মডেল টেস্ট ও প্রশ্ন ব্যাংক।]

